# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬২

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩. তৃতীয় অনুচ্ছেদ - রক্তপ্রদর রোগিণী

## আরবী

عَن أَسمَاء بنت عُمَيْس قَالَتْ: قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ اسْتُحِيضَتْ مُنْذُ كَذَا وَكَذَا فَلَمْ تُصَلِّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «سُبْحَانَ اللَّهِ إِنَّ هَذَا مِنَ الشَّيْطَانِ لِتَجْلِسَ فِي مِرْكَنٍ فَإِذَا رَأَتْ صُفَارَةً فَوْقَ الْمَاءِ فَلْتَغْتَسِلْ لِلظُّهْرِ وَالْعَصْرِ غُسْلًا وَاحِدًا وَتَغْتَسِلْ لِلْمَغْرِبِ وَالْعِشَاءِ غُسْلًا وَاحِدًا وَتَغْتَسِلْ لِلْفَجْرِ غُسْلًا وَاحِدًا وَتَوَضَّأُ فِيمَا بَيْنَ ذَلِكَ» . رَوَاهُ أَبُو دَاوُد وَقَالَ:

## বাংলা

৫৬২-[৬] আসমা বিনতু ’উমায়স (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে) বললাম, হে আল্লাহর রসূল! ফাত্বিমাহ্ বিনতু আবূ হুবায়শ (রাঃ)-এর এত দিন ধরে ইস্তিহাযাহ্ হচ্ছে এবং সে (এটাকে হায়য মনে করে) সালাত আদায় করছে না। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’সুবহা-নাল্ল-হ’ পড়ে আশ্চর্যান্বিত হয়ে বললেন, সালাত (সালাত/নামায/নামাজ) আদায় না করা তো শায়ত্বনের (শয়তানের) প্ররোচনা। সে যেন একটি গামলায় পানি ভরে ওতে বসে যায়, তারপর যখন পানি পীত রং দেখে, তখন (অন্য পানি দ্বারা) গোসল করে যুহর ও ’আসরের সালাত আদায় করে। মাগরিব ও ’ইশার সালাতের জন্য এভাবে একবার গোসল করবে। আর ফজরের (ফজরের) জন্য পৃথক একবার গোসল করবে। এর মাঝখানে উযূ (ওযু/ওজু/অজু) করে নিবে। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২৯৬, আস্ সামারুল মুস্তাত্বব ৩৫ নং পৃঃ।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীস থেকে প্রমাণ হয় যে, মুসতাহাযা মহিলার সালাত (সালাত/নামায/নামাজ) বর্জন করা শায়ত্বনের

(শয়তানের) অনুসরণ করার শামিল। আর মুস্তাহাযার রং হলুদ বর্ণের হয়। আর দু’ ওয়াক্ত সালাতের জন্য একটি গোসল করতে হবে। আর প্রত্যেক সালাতের জন্য নতুন করে উযূ (ওযু/ওজু/অজু) করবে। সালাত জমা করার হাদীসটি হানাফী মাযহাবের খেলাফ। তাদের নিকট সেটা জমা করা জায়িয নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন